




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্প
ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
www.lmap.minland.gov.bd



নং ৩১.০০.০০০০.০৯২.১০.০০৩.২১-১২৩২


তারিখ:

২২ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ
০৫মে ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

অসাধু ব্যক্তি/চক্র থেকে সাবধান !!!!

এতদ্বারা ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের কম্পিউটার অপারেটর পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়/প্রকল্প অফিস/জেলা প্রশাসকের নামে চাকুরী দেয়ার প্রলোভন দেখিয়ে কিছু অসাধু ব্যক্তি/চক্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট হতে অবৈধ অর্থ দাবী করছে, মর্মে খবর পাওয়া যাচ্ছে। ভূমি ব্যবস্থাপনা অটোমেশন প্রকল্পের কম্পিউটার অপারেটর পদে জনবল নিয়োগ কার্যক্রম সম্পূর্ণ মেধা ও যোগ্যতার ভিত্তিতে সম্পন্ন করা হবে। এ নিয়োগে সম্পূর্ণ স্বচ্ছতা নিশ্চিত করার লক্ষ্যে আবেদনসমূহ টেলিটকের মাধ্যমে প্রসেস করা হয়েছে এবং যে কোন অনিয়ম রোধ করার জন্য চূড়ান্ত ফলাফল প্রস্তুতে বুয়েটের কারিগরি সহায়তা গ্রহণ করা হচ্ছে। সুতরাং প্রার্থীদের এ রকম কোন প্রতারকের কথায় বিশ্বাস করে যেকোন প্রকার অবৈধ অর্থের লেনদেন হতে বিরত থাকতে অনুরোধ করা যাচ্ছে। সেই সাথে বিষয়টি নিকটস্থ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী/জেলা প্রশাসককে অবহিত করতে অনুরোধ করা হচ্ছে। এরকম কার্যক্রমের সাথে ভূমি মন্ত্রণালয়/প্রকল্প অফিস/জেলা প্রশাসকের কার্যালয় কোন ভাবে সংশ্লিষ্ট নয় এবং এর কোন দায়ভার কর্তৃপক্ষ বহন করবে না।


০৫/০৫/২০২২
মোজাফফার আহমেদ
(যুগ্ম সচিব)

জেলা প্রশাসক সকল
(তিনটি পার্বত্য জেলা ব্যতীত)

প্রকল্প পরিচালক
ফোন-০২-৮১৭১৬৭ (অফিস)
pdlandautomation@gmail.com

বিতরণ : ভূমি মন্ত্রণালয়/প্রকল্প অফিস/জেলা
প্রশাসকের কার্যালয় এর ওয়েবসাইট।